**সৌদী আরব রাজতন্ত্রের রাজা আবদুল্লার প্রয়াণে শোকজ্ঞাপনে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন উপরাষ্ট্রপতি**

সৌদী আরব রাজতন্ত্রের রাজা এবং দুটি পবিত্র মসজিদের অভিভাবক মহামান্য রাজা আবদুল্লা বিন আবদুল আজিজ আল সৌদের প্রয়াণ সংবাদে ভারতের জনসাধারণ এবং সরকার গভীরভাবে মর্মাহত ও ব্যাথিত। মহামান্য রাজা আবদুল্লার বিয়োগে সৌদী রাজতন্ত্র যেমন এক নেতা হারালো তেমন সমগ্র বিস্ব এক প্রবীণ রাষ্ট্রনেতাকেও হারালো।তাঁর নেতৃত্বে সৌদী রাজতন্ত্রের সাফল্য অর্জন তাঁর দুরদৃষ্টির এক অনন্য নিদর্শন।

রাজা আবদুল্লার নেতৃত্বাধীন সৌদী আরবের সংগে ভারত সবসময়েই নিবিড় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখে চলেছে। সৌদী আরব রাজতন্ত্রে নিজেদের নিবাসস্থান পেয়ে এক বিশাল সংখ্যক দেশত্যাগী ভারতীয়দের উপস্থিতিতে এই মৈত্রীবন্ধন আরো সুদৃঢ় হয়েছে।

ভারত সরকার ২৪ জানুয়ারি ২০১৫ শণিবার একদিনের শোকদিবস হিসাবে ঘোষণা করেছে এবং জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। ২৪জানুয়ারি ২০১৫ আমাদের শোক প্রকাশ করতে সম্মানীয় উপরাষ্ট্রপতি শ্রী হামিদ আনসারির নেতৃত্বে ভারত সরকারের প্রতিনিধিদল রিয়াধ যাবেন।

সম্মানীয় রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জি,সম্মানীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সৌদী রাজতন্ত্রের রাজা ও দুই পবিত্র মসজিদের অভিভাবক মহামান্য সলমন আবদুল বিন আবদুল আজিজ আল সৌদের নিকট শোকবার্তা পাঠিয়েছেন।

**নয়াদিল্লি**

**২৪ জানুয়ারি ২০১৫**